

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 14.12.2024**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর –**

- ১) আবাস যোজনা প্রকল্পে আগামী মঙ্গলবার থেকেই রাজ্য সরকার উপভোক্তাদের অ্যাকাউন্টে টাকা পাঠানোর কাজ শুরু করছে।
- ২) ভারতীয় সংবিধান নির্মাণে নারীদের ভূমিকা অনস্বীকার্য – বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সংবিধানের ৭৫ বছরের গৌরবময় যাত্রাপথ নিয়ে লোকসভার বিশেষ আলোচনায় প্রধানমন্ত্রী আজ বক্তব্য রাখেন।
- ৩) আর জি কর মেডিকেল কলেজে চিকিৎসক পড়ুয়ার জন্য ন্যায়বিচারের দাবিতে ফের পথে নেমেছেন চিকিৎসক থেকে শুরু করে সাধারণ মানুষ।
- ৪) আধার কার্ডে তথ্য অনলাইনে বিনামূল্যে আপডেট করার মেয়াদ কেন্দ্রীয় সরকার ফের বাড়িয়েছে।
- ৫) শুক্র উত্তরে হাওয়া প্রবেশ করায় রাজ্যে আগামী কয়েকদিন জাঁকিয়ে শীত অনুভূত হবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।
- ৬) আইএসএল ফুটবলে যুবভারতীয় ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপারজায়ান্ট, কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি হয়েছে।

আবাস যোজনা প্রকল্পের উপভোক্তারা মঙ্গলবার থেকেই নিজেদের

একাউন্টে টাকা পাবেন। ঐ দিন বিকেলে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে টাকা পাঠানোর কাজ শুরু হবে। বাংলার বাড়ি নামে এই প্রকল্পে ১২ লক্ষ উপভোক্তার কাছে প্রথম কিস্তির টাকা সরাসরি তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পৌঁছে দেওয়া হবে। রাজ্য সরকারের নিজস্ব তহবিল থেকেই ওই টাকা দেওয়া হবে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। সাম্প্রতিক ট্যাব কেলেক্ষারির কথা মাথায় রেখে বিশেষ সতর্কতা নেওয়া হচ্ছে। আধারের ইউনিক কোড ব্যাঙ্ক অ্যাকাউন্টের সঙ্গে সংযুক্ত না থাকলে উপভোক্তা, কিস্তির টাকা পাবেন না। সেকারণে গ্রামে গ্রামে বিশেষ শিবির খুলে আবাসের তালিকায় নাম থাকা উপভোক্তাদের বায়োমেট্রিক তথ্য নথিভুক্ত করা হচ্ছে। এছাড়া আবাসের তালিকা নিয়ে যাতে কোনো প্রশ্ন না ওঠে সেজন্য রাজ্য সরকার প্রত্যেক উপভোক্তাকে একটি করে অনন্য পরিচয় পত্র দেওয়ারও পরিকল্পনা নিয়েছে। আবাস প্রাপকদের চূড়ান্ত তালিকা প্রত্যেক ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিকদের দফতরে টাঙিয়ে রাখা হবে।

বাংলার আবাস যোজনা নিয়ে গ্রাম সভার বৈঠক চলাকালীন কোচবিহারের দিনহাটায় ওখরাবাড়ি গ্রাম পঞ্চায়েতে চেয়ার টেবিল ভাঙ্চুরের অভিযোগ উঠেছে। গ্রাম পঞ্চায়েত অফিসে আটকে রাখা হয় দিনহাটা এক নম্বর ব্লকের আধিকারিকদের। স্থানীয়দের অভিযোগ আবাস যোজনায় অনেক যোগ্য ব্যক্তি ঘর পাননি। অথচ অযোগ্যদের নাম তালিকায় রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বিরাট পুলিশ বাহিনী সেখানে যায়। আধিকারিকদের উদ্বার করে বের করে আনা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতীয় সংবিধান নির্মাণে নারীদের ভূমিকা অনস্বীকার্য। সংবিধানের ৭৫ বছরের গৌরবময় যাত্রাপথ নিয়ে লোকসভার বিশেষ আলোচনায় প্রধানমন্ত্রী আজ বক্তব্য রাখেন।

তিনি বলেন বিভিন্ন ক্ষেত্রের ১৫ জন নারীর ভাবনা প্রতিফলিত হয়েছে সংবিধানের রূপরেখা তৈরিতে।

শ্রী মোদী অন্যান্য দেশের সঙ্গে তুলনা টেনে বলেন ভারতীয় গণতন্ত্রে প্রথম থেকেই মহিলাদের ভোটাধিকার সুনিশ্চিত করা হয়েছে।

প্রধানমন্ত্রী ভারতীয় গণতন্ত্রকে গনতন্ত্রের জননী বলে উল্লেখ করেন।

### বাইট

এর আগে আজ আলোচনায় অংশ নিয়ে সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সংবিধান প্রণয়নে ডঃ ভীমরাও আম্বেদকারের অবদান স্মরণ করেন।

আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধী বিজেপির বিরুদ্ধে সংবিধানকে দুর্বল করার অভিযোগ করেন।

লোকসভায় এখনও আলোচনা চলছে।



আর জি কর মেডিকেল কলেজের চিকিৎসক পদুয়ার ধর্ষণ ও খুনের ঘটনায় হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার ওসি অভিজিত মন্ডলের জামিনের প্রতিবাদে শহরের বিভিন্ন এলাকায় ফের পথে নেমেছেন প্রতিবাদী মানুষ।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে নিজাম প্যালেসের সামনে আজ সকালে বিক্ষোভ দেখানো হয়। পুলিশ ব্যারিকেড দিয়ে মিছিল ঠেকাতে গেলে শুরু হয় ধস্তাধস্তি। পথেই বসে পড়েন কংগ্রেস কর্মী সমর্থকরা। ৯০ দিনেও কেন্দ্রীয় এজেন্সি চার্জশিট কেন দিতে পারলোনা, সেই প্রশ্নও তোলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষেত্র সরকার।

### বাইট

বিচারের নামে প্রহসনের অভিযোগ তুলে বাম ছাত্র সংগঠন এসএফআই আজ কলেজস্ট্রীটে বিক্ষোভ কর্মসূচীর আয়োজন করে। প্রয়োজনে বিচারের দাবিতে রাজপথ স্তৰ্ক করে দেওয়ারও হাঁশিয়ারি দেওয়া হয় এসএফআই-এর পক্ষ থেকে।

সল্টলেকের করণাময়ী থেকে সিজিও কমপ্লেক্স পর্যন্ত মিছিল করেছে এসইউসিআই। এই ঘটনায় শাসক এবং বিজেপির আঁতাত রয়েছে বলে তাদের অভিযোগ।

ন্যায়বিচারের দাবিতে আজ ফের পথে নেমেছেন ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট এবং অভয়া মধ্যের প্রতিবাদীরা। সামিল হয়েছেন অভয়ার বাবা মা। অভয়ার বাব বলেন,

### বাইট

সল্টলেকের করণাময়ী থেকে সিজিও কমপ্লেক্স পর্যন্ত মিছিল চলছে।

এদিকে রানী রাসমনীতে আজ চিকিৎসকদের জমায়েতকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছাড়ায়। ডাঙ্গারদের কর্মসূচীতে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। দুপক্ষের মধ্যে বেশ কিছুক্ষণ বচসা ও ধস্তাধস্তি করে।

আগেই জানানো হয়েছে, ৯০ দিনের মধ্যে চার্জশিট জমা দিতে না পারায় গতকাল শিয়ালদা আদালত তথ্য প্রমাণ লোপাটের অভিযোগে ধৃত সন্দীপ ঘোষ এবং অভিজিত মণ্ডলকে জামিন দেয়। তবে সন্দীপের বিরুদ্ধে আর্থিক দুর্নীতি সংক্রান্ত মামলা থাকায় তিনি জেল থেকে ছাড়া পান নি। রাতে অভিজিত মণ্ডল মুক্তি পান।

আর জি করের ঘটনার তদন্তভাব রাজ্য সরকারের সিটের হাতেই ফিরিয়ে দেওয়ার  
পক্ষে সওয়াল করেছেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। আজ  
সাংবাদিকদের কাছে তিনি বলেন, আর জি করের ঘটনাকে রাজনৈতিক রং দেওয়ার  
চেষ্টা করা হয়েছে।

### বাইট

আর জি করের ঘটনায় সিবিআই-এর তদন্তে মানুষ আঙ্গ হারাচ্ছেন বলে মন্তব্য  
করেছেন বর্ষীয়ান কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী।

### বাইট

আধার কার্ডের তথ্য অনলাইনে বিনামূল্যে আপডেট করার মেয়াদ ফের বাঢ়িয়েছে  
কেন্দ্রীয় সরকার। আজ সামাজিক মাধ্যমে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে আধার  
নিয়ন্ত্রক সংস্থা UIDAI। নির্দেশিকা অনুযায়ী ২০২৫-এর ১৪ ই জুন পর্যন্ত এই সুবিধা  
মিলবে।

উল্লেখ্য চলতি বছরের ১৪ ই জুন নির্খরচায় আধার কার্ডের অনলাইন আপডেটের  
শেষ তারিখ ধার্য করেছিল কর্তৃপক্ষ। পরে তা দু দফায় বাড়ানো হয়।

টালিগঞ্জের গ্রাহামস রোডে ভ্যাট থেকে মহিলার কাটা মাথা উদ্ধারের ঘটনায় পুলিশ  
আতিকুর রহমান নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। সম্পর্কে সে নিহত খাতিজা বিবির

জামাইবাবু। তাদের মধ্যে প্রেমের সম্পর্ক ছিল বলে অভিযোগ। আতিকুরকে জিজ্ঞাসাবাদ করে বাকি দেহাংশ রিজেন্ট পার্কের একটি বাড়ি থেকে উদ্ধার হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত করছে।



উত্তর ২৪ পরগণার কেষ্টপুর রবীন্দ্র পল্লীতে বিউটি পার্লার কর্মী খুনের ঘটনায় পুলিশ তার ফেসবুকের বন্ধু কৌশিক সাহাকে গ্রেপ্তার করেছে। তাকে বারাসাত আদালতে তোলা হলে ১২ দিনের পুলিশ হেফাজত হয়েছে। গতকাল অভিষিক্তা দে সাহা নামে ঐ মহিলার স্বামী বাড়ি থেকে বেরিয়ে যাওয়ার পর কৌশিক সেখানে যায়। তুমুল বাকবিতন্তার মাঝেই গলায় ওড়না পেঁচিয়ে অভিষিক্তাকে খুন করা হয় বলে জানা গেছে।



শুঙ্ক উত্তরে হাওয়া অবাধে রাজ্যে প্রবেশ করায় চলতি সপ্তাহের প্রথম দিক থেকেই ধাপে ধাপে রাজ্যে পারদ পতন অব্যাহত। দার্জিলিং-এর তাপমাত্রা ৪ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে।

অন্যদিকে, পশ্চিমের জেলাগুলিতেও তাপমাত্রা নেমেছে অনেকটাই। পুরুলিয়ায় আজ তাপমাত্রা স্বাভাবিকের ৫ দশমিক ১ ডিগ্রি কম ৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়। ঝাড়গ্রামে তাপমাত্রা ছিল ৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকালও পুরুলিয়া, পশ্চিম বর্ধমান এবং বীরভূমে শৈত্য প্রবাহের সতর্কতা রয়েছে।



পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ আয়োজিত খাদি মেলা আজ শুরু হয়েছে। দক্ষিণ কলকাতার ইডিএফ মাঠে মেলার উদ্বোধন করেন কৃষ্ণমন্ত্রী শোভনদেব

চট্টোপাধ্যায়। উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, বিধায়ক দেবাশীষ কুমার, রাজ্য খাদি পর্ষদের সভাপতি কল্লোল খাঁ প্রমুখ। ৫ জানুয়ারি পর্যন্ত প্রতিদিন দুপুর একটা থেকে রাত নটা পর্যন্ত মেলা চলবে।



পাশকুড়া বনমালী কলেজে দ্বিতীয় সমাবর্তন উৎসবের সূচনা হয়েছে। কলেজের শহীদ মাতঙ্গিনী প্রাঙ্গনে প্রদীপ জ্বালিয়ে আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডক্টর সুশান্ত কুমার চক্ৰবৰ্তী। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইউজিসির পূর্বাঞ্চলীয় দপ্তরের প্রাক্তন সচিব অধ্যাপক ডক্টর রত্নাবলী বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠান মধ্যে থেকে ২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক ও স্নাতকোত্তর স্তরের পড়ুয়াদের শংসাপত্র দেওয়া হয়।



যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, কেরালা ব্ল্যাস্টার্সের মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূন্য।

মোহনবাগান ১০ ম্যাচে ২৩ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে আছে। কেরালা ১১ ম্যাচে পয়েন্ট ১১। তারা রয়েছে দশম স্থানে।



৭৮ তম জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির মূল পর্বের প্রতিযোগিতা আজ তেলেঙ্গানায় শুরু হয়েছে। ৩২ বারের বিজয়ী বাংলা আজ গ্রুপ এ, র ম্যাচে জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে

খেলছে। এই গ্রুপের অন্য ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন সার্ভিসেস ০-১ গোলে মণিপুরের  
কাছে পরাজিত হয়েছে। তেলেঙ্গানা ও রাজস্থানের মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়।

---

---